দৈনিক বাংলা

022

তারিখ ... ২২.৪.৮৮ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

# একাকোটি পাঠ্যবই রাখার আধুনিক গুদাম উদ্বোধন

(স্টাফ রিপোর্টার)

স্কুলের এক কোটি পাঠ্যবই ও ৮শ' মেট্রিক টন কাগজ ধারণক্ষম নবনির্মিত আধুনিক গুদামটি মঙ্গলবার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। তেজগাঁয় অবস্থিত বাংলাদেশ স্কুল টেক্সট বুক বোর্ডের গুদাম এলাকায় ইউনিসেফ-এর দেয়া ১ লাখ ৭০ হাজার মার্কিন ডলার সাহায্যে এটি নির্মিত হয়।

এ উপলক্ষে গতকাল সকালে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত জাতিসংঘ শিশু তহবিলের ভারপ্রাপ্ত প্রতিনিধি জোসেফ এ স্কাফানি বলেন যে বাংলাদেশের শিশুদের প্রাথমিক শিক্ষা গ্রহণের মৌলিক চাহিদাটি ইউনিসেফ-এর কর্মসূচীতে অগ্রাধিকার পেয়েছে। ১৯৮২ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত বাংলাদেশের স্কুলের পাঠ্যবই ছাপানোর জন্যে ইউনিসেফ মোট ৬৫ লাখ মার্কিন ডলার সাহায্য দিয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব আমিনুল ইসলাম পাঠ্যবই রাখার জন্যে আধুনিক গুদাম নির্মাণে সহায়তা দেয়ার জন্য ইউনিসেফ কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এ ধরনের আরও একটি আধুনিক গুদাম নির্মাণের প্রয়োজন রয়েছে।

বাংলাদেশ স্কুল টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক এম. তাজউদ্দীন আহমদ জানান, এই নতুন গুদামটি ছাড়াও বর্তমানে বোর্ডের আরও ৬টি ভাড়া করা গুদাম আছে। বোর্ড গত বছর বিনা মূল্যে প্রথম শ্রেণীর জন্য ৩২ লাখ দ্বিতীয় শ্রেণীর জন্য ২০ লাখ ও তৃতীয় শ্রেণীর জন্য ১৩ লাখ সেট পাঠ্যবই বিতরণ করেছে।